



প্রধান কার্যালয় পরিপত্র নং-৫০৬
এমডিডি পরিপত্র নং-১৬৬
তারিখ : ১২ আগস্ট, ২০১৩

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস
প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়
..... শাখা
.....

বিষয় : রিচিং আউট অব স্কুল চিলড্রেন ROSC (রস্ক) ফেইজ-২ প্রকল্পের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত
নীতিমালা জারী প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি অত্র ব্যাংকের সাথে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) ফেইজ-২ প্রকল্পের চুক্তি সম্পাদিত হয়েছে। চুক্তি অনুযায়ী পুরাতন ৪৮টি ও নূতন ১০০টি উপজেলায় (কপি সংযুক্ত) প্রকল্প কার্যক্রম পরিচালিত হবে। উক্ত চুক্তি মোতাবেক রস্ক ফেইজ-২ প্রকল্পের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নিম্নোক্ত নীতিমালা জারী করা হলো :

- ০১। হিসাব খোলা ও পরিচালনা : চুক্তির শর্ত মোতাবেক আমাদের ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকায় ইতোমধ্যে ১টি CONTASA এসএনডি হিসাব খোলা হয়েছে।
- ০২। নির্বাচিত উপজেলা শাখাসমূহ কর্তৃক শিক্ষা ভাতা (Education Allowance) হিসাব ও শিক্ষা অনুদান (Education Grants) হিসাব নামে দুইটি মূল চলতি হিসাব (Office A/C) খুলতে হবে।
- ০৩। প্রত্যেক আনন্দ স্কুলের নামে একটি করে চলতি হিসাব (L/C হিসাব) খুলতে হবে। উক্ত একাউন্ট খোলা ও পরিচালনার ক্ষেত্রে যৌথভাবে স্বাক্ষরকারী হবেন আনন্দ স্কুলের কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির (CMC) সভাপতি ও সদস্য সচিব (সংশ্লিষ্ট আনন্দ স্কুলের শিক্ষক)। এ জন্য কোন প্রাথমিক জামানত প্রয়োজন হবেনা। রস্ক প্রজেক্ট-২তে ছাত্র-ছাত্রী/মাতাপিতা/ অভিভাবকদের জন্য আলাদাভাবে কোন হিসাব খুলতে হবেনা।
- ০৪। লার্নিং সেন্টার (L/C) হিসাবসমূহ বিশেষ ধরনের হিসাব বলে গণ্য হবে। এ হিসাবের বিপরীতে Cheque বহি ইস্যু করা হবে। তবে এ ক্ষেত্রে ঘর ভাড়া, শিক্ষকদের বেতন/বোনাস ও পার্টনার অর্গানাইজেশন (যেমন-এনজিও, শুধুমাত্র প্রথম বছরের জন্য) সমূহের ভাতা ইত্যাদি একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিতরণ করতে হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের নামে পার্টনার অর্গানাইজেশন (পিও) ব্যতীত পৃথকভাবে ব্যক্তিগত হিসাব সাধারণ নিয়মে খুলতে হবে এবং বিধি মোতাবেক সকল প্রকার চার্জ আদায়যোগ্য হবে। এ ছাড়া অন্যান্য ক্ষেত্রে যেমন উপকরণ, স্থাপনা ব্যয়, ইউনিফর্ম কষ্ট, পরীক্ষার ফি, মেরামত খরচ, শিক্ষার্থী/অভিভাবকের ছবি, সংক্রান্ত খরচ ইত্যাদি ক্ষেত্রে নগদ চেকের মাধ্যমে বিতরণ করা যাবে। এ ক্ষেত্রে Semester wise গৃহীত শিক্ষা অনুদান সংক্রান্ত সকল প্রকার খরচের রেজুলেশনের মূল কপি সংশ্লিষ্ট স্কুলের (L/C) শিক্ষক কর্তৃক ব্যাংক শাখায় জমা দিতে হবে এবং ব্যাংক শাখা কর্তৃক সংরক্ষণ করতে হবে। নগদ চেকসমূহের সকল টাকা সংশ্লিষ্ট L/C শিক্ষক নিজে উত্তোলন করবেন।
- ০৫। নতুন নিয়োগপ্রাপ্ত ট্রেনিং কো-অর্ডিনেটর (T/C) গণের চাহিদা মোতাবেক ব্যক্তিগত সঞ্চয়ী/ চলতি হিসাব সাধারণ নিয়মে খোলার জন্য সহযোগিতা করতে হবে। এ ক্ষেত্রে প্রকল্প পরিচালক কর্তৃক ইস্যুকৃত নিয়োগপত্রের সত্যায়িত ফটোকপি জমা নিতে হবে।
- ০৬। শিক্ষা অনুদান ও শিক্ষা ভাতা বিতরণ পদ্ধতিঃ প্রকল্প পরিচালক এর দপ্তর থেকে শিক্ষা ভাতা ও শিক্ষা অনুদান সংক্রান্ত পেমেন্ট অথরাইজেশন ও ভাতা বিতরণের Summery sheet ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকায় প্রেরণ করা হবে যা প্রাপ্তির সর্বোচ্চ ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা কর্তৃক সকল চেকিং সম্পন্ন করে সংশ্লিষ্ট উপজেলা শাখায় RMS+ এর মাধ্যমে অর্থ স্থানান্তর করতে হবে।
- ০৭। সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ টাকা প্রাপ্তির পর পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে ০৩(তিন) কর্মদিবসের মধ্যে শিক্ষা অনুদান ও শিক্ষাভাতা হিসাবে (Office A/C) জমা করতে হবে এবং ভাতাভোগী শিক্ষার্থীদের/মাতা/পিতা/অভিভাবকদের শিক্ষাভাতার টাকা বিধি মোতাবেক বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৮। শিক্ষা ভাতা বিতরণ : উপজেলা ব্যাংক শাখাসমূহ শিক্ষা ভাতার অর্থ প্রাপ্তির পর জরুরী ভিত্তিতে ট্রেনিং কো-অর্ডিনেটর (TC)-কে SMS এর মাধ্যমে বিস্ময়ট অবহিত করবে। ট্রেনিং কো-অর্ডিনেটর (TC) অবহিত হওয়ার পর সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা শিক্ষা অফিসার (UEO) এক শাখা ম্যানেজারের উপস্থিতিতে ভাতা বিতরণ, তারিখ, স্থান, সময় এবং অস্থায়ী বুকের বিষয়ে আলোচনার জন্য সভা আহ্বান করবেন। উক্ত সভা উপজেলা শিক্ষা অফিসারের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। যদি তিনি উপস্থিত থাকতে না পারেন তবে ট্রেনিং কো-অর্ডিনেটর (TC) উপজেলা শাখার ম্যানেজার এর সাথে আলোচনা পূর্বক ভাতা বিতরণের সিডিউল নির্ধারণ করবেন এবং সিডিউল অনুযায়ী ভাতা বিতরণের বিস্ময়ট সংশ্লিষ্ট L/C শিক্ষকদের অবহিত করবেন। L/C শিক্ষকগণ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী/অভিভাবক গণকে ভাতা বিতরণের সিডিউল অনুযায়ী ভাতা বিতরণের দিন শিক্ষার্থীদের আইডি কার্ডসহ উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

- ০৯। উপজেলা ব্যাংক শাখাসমূহ কর্তৃক সিডিউল অনুযায়ী ০৩ বিঃ মিঃ এর মধ্যে অবহিত লার্গিং সেন্টার এর জন্য ব্যাংকের ভিতর পৃথক বুথ এক এর বাহিরে অবস্থিত L/C সমূহের জন্য সুবিধাজনক স্থানে অস্থায়ী বুথ খুলে ভাতা বিতরণ করতে হবে। ভাতা বিতরণের যথা সময় আগে শাখা ম্যানেজার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক TC ও CMC এর সভাপতির সাথে পরামর্শক্রমে ভাতা বিতরণের স্থান পরিদর্শন এবং অস্থায়ী বুথ খোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভাতা বিতরণে নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে প্রকল্প কর্তৃপক্ষ ও শাখা ম্যানেজার যৌথভাবে স্থানীয় প্রশাসনের সহযোগিতা নিতে হবে। এ বিষয়ে প্রকল্প পরিচালক কর্তৃক সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসারদের প্রয়োজনীয় সহযোগিতা দানের পরামর্শ প্রদান করবেন। ব্যাংকের বাহিরে অস্থায়ী বুথে প্রয়োজনীয় স্থান সংকুলান থাকতে হবে যাতে পিতা/মাতা/অভিভাবক/শিক্ষার্থী ভাতা বিতরণের তারিখে ভাতার অর্থ যথাযথভাবে গ্রহণ করতে পারে।
- ১০। শিক্ষা ভাতার জন্য তালিকাতন্ত্র শিক্ষার্থী/মাতাপিতা/অভিভাবকদের স্বাক্ষর ও ছবি সম্বলিত ROSC Form-1b, প্রকল্প কার্যালয় কর্তৃক বুকলেট আকারে উপজেলা শাখাসমূহে সরবরাহ করবে। উপজেলা শাখাসমূহ উক্ত বুকলেট নমুনা স্বাক্ষর হিসেবে গণ্য ও সংরক্ষণ করবে। সংশ্লিষ্ট শাখাসমূহ কর্তৃক শিক্ষাভাতা বিতরণের সময় টিসি কর্তৃক সরবরাহকৃত ACF এ প্রদত্ত ছবি ও স্বাক্ষরের সাথে Booklet এর ছবিসহ স্বাক্ষর মিলিয়ে ভাতা বিতরণ করতে হবে এবং পরবর্তীতে অডিটের নিমিত্তে সংশ্লিষ্ট রেকর্ডপত্র শাখায় সংরক্ষণ করতে হবে।
- ভাতার টাকা প্রদানকালে মাতা/পিতা/অভিভাবকের স্বাক্ষরের অমিল লক্ষ্য করা গেলে, সংশ্লিষ্ট ব্যক্তির ছবি ও স্বাক্ষর, সংশ্লিষ্ট সিএমসি এর সভাপতি/সদস্যসচিব (L.C) শিক্ষক কর্তৃক সনাক্তকরণ (ভেরিফাই)পূর্বক নিশ্চিত হয়ে টাকা প্রদান করা যাবে।
- ১১। Education Allowance হিসাব ডেবিট করে Payment Shedule অনুযায়ী ভাতা বিতরণ করতে হবে এবং দিনশেষে বিবরণ রেজিস্টার মোতাবেক দিনের মোট টাকার ১টি ডেবিট ভাউচার করে Education Allowance হিসাব ডেবিট ও সমন্বয় করতে হবে। উল্লেখ্য যে, প্রতি বৎসর দুই কিস্তিতে শিক্ষা ভাতা ছাড় করা হবে। প্রথম কিস্তির টাকা মে মাসে এবং দ্বিতীয় কিস্তির টাকা সেপ্টেম্বর মাসে নির্ধারিত তারিখ ও সময়ে প্রদান করতে হবে।
- ১২। অনিবার্য কারণে কোন শিক্ষার্থীর মাতা/পিতা/অভিভাবক নির্দিষ্ট দিনের মধ্যে অর্থ উত্তোলনে ব্যর্থ হলে পরবর্তী সর্বোচ্চ ০৭ কর্মদিবসের মধ্যে সশরীরে ব্যাংকের ম্যানেজারের নিকট উপস্থিত হয়ে অর্থ উত্তোলন করতে পারবেন। এ জন্য তাকে একটি আবেদন পত্রে (সাদা কাগজে) নির্ধারিত তারিখে অর্থ উত্তোলনে ব্যর্থতার সুনির্দিষ্ট এবং যথাযথ কারণ উল্লেখপূর্বক সিএমসি এর সুপারিশসহ উপস্থিত হতে হবে। উল্লেখ্য বর্ণিত ০৭(সাত) কর্মদিবসেও যদি কেউ অর্থ উত্তোলনে ব্যর্থ হয় তাহলে সংশ্লিষ্ট শাখা সেই অর্থ ঢাকাস্থ সোনালী ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখায় ফেরত পাঠাবে এবং সঙ্গে সঙ্গে এ তথ্য রক্ষ প্রকল্প কর্তৃপক্ষকে (মিরপুর) অবহিত করতে হবে।
- ১৩। শিক্ষা অনুদান বিতরণ : উপজেলা শাখাসমূহ কর্তৃক ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা থেকে লার্গিং সেন্টার L/C এর শিক্ষা অনুদানের টাকা RMS+ এর মাধ্যমে প্রাপ্তির তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট হিসাবসমূহে জমা করতে হবে। অতঃপর শাখার মূল হিসাব (চলতি অফিস একাউন্ট) ডেবিট করে প্রকল্পের এডভাইস অনুযায়ী নির্ধারিত পরিমাণ টাকা সংশ্লিষ্ট L/C হিসাব সমূহে ট্রেন্ডিট করতে হবে।
- ১৪। বিবরণী প্রস্তুতকরণ ও রিকনসিলিয়েশনঃ প্রতি সেমিষ্টারে উপজেলা শাখাসমূহ শিক্ষাভাতা ও অনুদানের Financial Statement (সংযুক্ত ফরমোট অনুযায়ী) তৈরী করবে। শাখাসমূহ কর্তৃক শিক্ষাভাতা ও অনুদানের অর্থ বিতরণের সিডিউলের শেষ দিন হতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে রিকনসিলিয়েশন রিপোর্ট তৈরী করতে হবে।
- ১৫। সংশ্লিষ্ট শাখাসমূহ অফিসকপিসহ পাঁচ কপি শিক্ষা ভাতা ও অনুদানের অর্থ বিতরণের প্রতিবেদন তৈরী করবে। অবিতরণকৃত অর্থ ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখায় প্রেরণ সংক্রান্ত তথ্যও প্রতিবেদনে উল্লেখ থাকতে হবে। এর কপি উপজেলা শিক্ষা অফিসার (UEO), ট্রেনিং কো-অর্ডিনেটর এবং ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকায় দুই প্রস্তে প্রেরণ করতে হবে।
- ১৬। ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা শাখাসমূহ হতে প্রাপ্ত শিক্ষা ভাতা ও অনুদান সংক্রান্ত এর বিবরণীগুলো একীভূত করে তা ROSC কার্যালয়ে প্রেরণ করবে।
- ১৭। রক্ষ ডিসবার্সমেন্ট সেল ভাতা ও অনুদান বিতরণের শেষ দিন হতে পরবর্তী ৬০ দিনের মধ্যে রিকনসিলেশন রিপোর্ট তৈরী করবে। উক্ত রিকনসিলেশন রিপোর্ট মোতাবেক ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা সার্ভিস চার্জ গ্রহণ করবে। এ ক্ষেত্রে প্রকল্পের CONTASA হিসাব থেকে স্থানান্তরিত মোট অর্থের উপর সার্ভিস চার্জ হিসাবায়ন করতে হবে।
- ১৮। কমিশন প্রাপ্তি ও বিভাজন : ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা তাদের শাখায় পরিচালিত রক্ষ প্রকল্পের হিসাব থেকে শিক্ষাভাতার উপর ২.৫০% হারে এবং শিক্ষা অনুদানের উপর ১.৫০% হারে কমিশন আদায় করবে। ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা ০.৫০% সার্ভিস চার্জ পাবেন এবং অবশিষ্ট সার্ভিস চার্জ সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রদান করতে হবে। নতুন হার/রেট ০১ এপ্রিল, ২০১৩ তারিখ থেকে শুরু হবে।
- ১৯। ডিসবার্সমেন্ট সেল গঠন ও পরিচালনা : রক্ষ ফেইজ-২ প্রকল্প পরিচালনার জন্য ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকায় রক্ষ ডিসবার্সমেন্ট সেল গঠন করা হয়েছে। ডিসবার্সমেন্ট সেলে ১ জন এসইও পদমর্যাদার ফুলটাইম কো-অর্ডিনেটর, ২ জন ইও/এসও (আইটি) পদমর্যাদার ডেপুটি কো-অর্ডিনেটরসহ অন্যান্য ষ্টাফ নিয়োজিত রয়েছে। কো-অর্ডিনেটর ও ডেপুটি কো-অর্ডিনেটরদের মোবাইল ও টেলিফোন নাথার নিম্নে দেয়া হলো :


পদবী	মোবাইল নং	টেলিফোন নং
কো-অর্ডিনেটর	০১৮১৫১১৭৮৯৬	৭১১৪৬৬৬
ডেপুটি কো-অর্ডিনেটর-১	০১৭১৬৬০০৯৯০	৭১১৪৬৬৬
ডেপুটি কো-অর্ডিনেটর-২	০১৮১৬৫৫৫৫২১	৭১১৪৬৬৬

- ২০। ভাতা ও অনুদানের অর্থ স্থানান্তর, বিতরণ ও রিকনসিলিয়েশনসহ যে কোন প্রকার সমস্যা সমাধানের জন্য উল্লিখিত ফোন নম্বর সমূহে যোগাযোগ করা যাবে।
- ২১। ডিসবার্সমেন্ট সেলের জন্য রক্ষ কর্তৃপক্ষ অত্র ব্যাংককে মাসিক ২(দুই) লক্ষ টাকা প্রদান করবে। ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, টাকা প্রতি চার মাস অন্তর মাসিক দুই লক্ষ হিসাবে মোট ৪X২=৮ লক্ষ টাকা প্রকল্প কার্যালয়ে **Reimbursement Claim** করবে এবং প্রাপ্তির পর উক্ত টাকা শাখার সর্ভশ্রিট চার্জেস হিসাবসমূহে জমা করে অত্র বিভাগকে অবহিত করবে।
- ২২। **রেকর্ড সংরক্ষণ** : রক্ষ প্রকল্পের শিক্ষার্থীদের/মাতা/পিতা/অভিজীবকদের নামে ভাতার টাকা প্রদানকৃত এফ-৫০ ভাউচারসহ হিসাবের সকল ডকুমেন্ট তারিখ অনুযায়ী আলাদাভাবে আলমারীতে/স্টীল ফাইল কেবিনেটে সংরক্ষণ করতে হবে যাতে রক্ষ প্রকল্পের/ বিশ্বব্যাংকের কোন প্রতিনিধি শাখায় গেলে তা তাৎক্ষনিকভাবে দেখানো যায়।
- ২৩। **বিবিধ** : ব্যাংক কর্তৃপক্ষ কোন ব্যক্তির/শিক্ষকের মৌখিক কোন বক্তব্য/অভিযোগের উপর ভিত্তি করে প্রকৃত ভাতা ভোগীদের প্রার্থীদের অর্থ প্রদান বন্ধ করতে পারবে না। তবে উপযুক্ত কর্তৃপক্ষের (প্রকল্প পরিচালক/**CMC**) লিখিত নির্দেশ অবশ্যই পালনীয় হবে।
- ২৪। জারিকৃত নির্দেশাবলী প্রতিপালনে ব্যর্থ হলে বিধি মোতাবেক সর্ভশ্রিটদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।
- ২৫। স্থানীয় কোন সমস্যা সমাধানের বিষয়ে প্রয়োজন হলে শাখা প্রধানগণ তাৎক্ষনিকভাবে লিখিত বা মৌখিকভাবে প্রকল্প পরিচালক রক্ষ ফেইজ-২ অথবা প্রধান কার্যালয়ের মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট ডিভিশনের ডিজিএম/এজিএম মহোদয়ের সংগে যোগাযোগ করা যেতে পারে।
- ২৬। **প্রশিক্ষণ কার্যক্রম** : **ROSC** কর্তৃপক্ষ বৎসরে একবার উপজেলা শাখা ব্যবস্থাপকদের প্রশিক্ষণের ব্যবস্থা করবে। প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় খরচ টিএ/ডিএ রক্ষ কর্তৃপক্ষ বহন করবে।
- ২৭। প্রশিক্ষণ সংক্রান্ত দস্তুর নির্দেশ পাওয়ার পর সর্ভশ্রিট শাখা প্রধান/কর্মকর্তাগণ শাখার সাসপেন্স হিসাব ডেবিট করে (যদি প্রয়োজন হয়) তাৎক্ষনিক সংকুলান করবে। পরবর্তীতে সরকারী বিধি মোতাবেক হিসাবায়িত টিএ/ডিএ বিলের সমপরিমাণ টাকা প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রশিক্ষণকালীন সময়েই নগদে প্রদান করা হবে, যা থেকে প্রশিক্ষণ শেষে শাখার সাসপেন্স হিসাব (যদি টাকা উত্তোলন করা হয়ে থাকে) সমন্বয় করতে হবে।
- ২৮। উপজেলা শাখাসমূহে **ROSC** প্রকল্প সর্ভশ্রিট শাখা প্রধান ও অন্যান্য কর্মকর্তাদের শুধুমাত্র **ROSC** সর্ভশ্রিট শাখাসমূহে প্রয়োজনে বদলী করা যাবে।
- ২৯। আলোচ্য রক্ষ-২ প্রকল্পটি বাংলাদেশ সরকারের “সবার জন্য শিক্ষা” কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে প্রণীত হয়েছে। বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংক কর্তৃক প্রকল্পটিতে অর্থায়ন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয় থেকে অকালে ঝড়ে পড়া এবং বিদ্যালয় বহির্ভূত শিশুদের পুনরায় প্রাথমিক শিক্ষায় আকৃষ্ট করার তথা শিক্ষিত করে তোলাই এ কর্মসূচীর লক্ষ্য। সুতরাং রক্ষ প্রকল্পের আওতায় সমৃদয় অর্থ যাতে সমাজের সুবিধা বঞ্চিত ছাত্র/ছাত্রীদের মধ্যে ১০০% বিতরণ করা যায় এবং অর্থের কোন অংশ যাতে বিশ্ব ব্যাংকে ফেরত প্রদান করতে না হয় সে জন্য সর্ভশ্রিট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।
- ৩০। উক্ত পরিপত্র শুধুমাত্র রক্ষ-২ এর জন্য প্রযোজ্য হবে। রক্ষ-১ ও রক্ষ-২ এর সকল হিসাব পৃথক পৃথকভাবে পরিচালনা করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ ছায়েদুর রহমান)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার



(মোঃ মোরশেদ আলম খন্দকার)
ডেপুটি জেনারেল ম্যানেজার

৫

রক প্রকল্পের আওতায় ১০০টি নতুন উপজেলা শাখার তালিকা :

ক্রম নং	জেলা	ক্রমিক নং	উপজেলা শাখার নাম
০১।	বাগেরহাট	০১।	রায়েশা বাজার শাখা
০২।	চুয়াডাঙ্গা	০২।	জীবন নগর শাখা
০৩।	কুষ্টিয়া	০৩।	কুষ্টিয়া শাখা
০৪।	নড়াইল	০৪।	লোহাগড়া বাজার শাখা
০৫।	সাতক্ষীরা	০৫।	শ্যামনগর শাখা
০৬।	বরিশাল	০৬।	মেহেন্দীগঞ্জ শাখা
		০৭।	হিজলা শাখা
০৭।	জেলা	০৮।	লালমোহন শাখা
		০৯।	বোরহান উদ্দিন শাখা
		১০।	তজমুদ্দিন শাখা
		১১।	দৌলতখান শাখা
০৮।	পিরোজপুর	১২।	ভাতারিয়া শাখা
০৯।	বাগেরহাট	১৩।	ধানটি শাখা
		১৪।	নাইক্যাংছড়ি শাখা
		১৫।	আলীকদম শাখা
		১৬।	রুমা শাখা
১০।	ব্রাহ্মণবাড়ীয়া	১৭।	নাসিরনগর শাখা
		১৮।	আখাউড়া শাখা
		১৯।	বাঞ্ছারামপুর শাখা
		২০।	কসবা শাখা
১১।	চাঁদপুর	২১।	ফরিদগঞ্জ শাখা
১২।	চট্টগ্রাম	২২।	সন্দীপ শাখা
		২৩।	ফটিকছড়ি শাখা
		২৪।	আনোয়ারা শাখা
১৩।	কুমিল্লা	২৫।	কুমিল্লা কর্পোরেট শাখা
		২৬।	চৌধুরাম শাখা
১৪।	কক্সবাজার	২৭।	চকোয়িয়া শাখা
		২৮।	কুতুবদিয়া শাখা
১৫।	ফেনী	২৯।	হাটলনাইয়া শাখা
১৬।	খাগড়াছড়ি	৩০।	লক্ষীছড়ি শাখা
		৩১।	পানছড়ি শাখা
১৭।	লক্ষীপুর	৩২।	রামগতি শাখা
		৩৩।	কমলনগর শাখা
১৮।	নোয়াখালী	৩৪।	হাতিয়া শাখা
		৩৫।	সুবর্ণচর শাখা
		৩৬।	কালায়ালি বাজার শাখা
১৯।	রাঙ্গামাটি	৩৭।	বরকল শাখা
		৩৮।	বাগাইছড়ি শাখা
		৩৯।	নানিয়ানচর শাখা
		৪০।	শংগু শাখা
২০।	কক্সবাজার	৪১।	চরজল্লাসন শাখা
২১।	গাজীপুর	৪২।	কালীগঞ্জ শাখা
		৪৩।	কাপিলিকের শাখা
২২।	গোপালগঞ্জ	৪৪।	মোকসেদপুর শাখা
২৩।	কিশোরগঞ্জ	৪৫।	অষ্টগ্রাম শাখা
		৪৬।	মিঠামহীন শাখা
		৪৭।	কিশোরগঞ্জ শাখা
২৪।	মাদারীপুর	৪৮।	রাউজের শাখা
২৫।	ময়মনসিংহ	৪৯।	নান্দাইল শাখা
		৫০।	ফুলপুর শাখা
		৫১।	পৈরীপুর শাখা
		৫২।	মুক্তাগাছ শাখা

২৬।	নরসিংদী	৫৩।	শিবপুর শাখা
		৫৪।	রায়পুরা শাখা
২৭।	নেত্রকোনা	৫৫।	মদন শাখা
		৫৬।	বারহাট্টা শাখা
		৫৭।	মোহনগঞ্জ শাখা
		৫৮।	কেন্দুয়া শাখা
		৫৯।	দুর্গাপুর শাখা
২৮।	রাজবাড়ী	৬০।	গোয়ালন্দ শাখা
২৯।	শেরপুর	৬১।	নালিতাবাড়ী শাখা
৩০।	টাঙ্গাইল	৬২।	নাগরপুর শাখা
৩১।	হবিগঞ্জ	৬৩।	মাধবপুর শাখা
		৬৪।	চুনারুঘাট শাখা
৩২।	মৌলভীবাজার	৬৫।	শ্রীমঙ্গল শাখা
		৬৬।	জুড়ী শাখা
৩৩।	সুনামগঞ্জ	৬৭।	ধরমপাশা শাখা
		৬৮।	বিশ্বম্ভরপুর শাখা
		৬৯।	শান্তা শাখা
		৭০।	দোয়ারাবাজার শাখা
		৭১।	ছাতক শাখা
		৭২।	সুনামগঞ্জ শাখা
		৭৩।	ভাহেরপুর শাখা
		৭৪।	সুনামগঞ্জ শাখা
		৭৫।	দিরাই শাখা
৩৪।	সিলেট	৭৬।	কোম্পানীগঞ্জ শাখা
		৭৭।	বালাগঞ্জ শাখা
		৭৮।	গোয়াইনঘাট শাখা
		৭৯।	কানাইঘাট শাখা
৩৫।	বগুড়া	৮০।	ধুনট শাখা
		৮১।	শিবগঞ্জ শাখা
		৮২।	শারিয়াকান্দি শাখা
৩৬।	নাটোর	৮৩।	সিংড়া শাখা
৩৭।	পাবনা	৮৪।	বেড়া শাখা
৩৮।	রাজশাহী	৮৫।	ভানোর শাখা
		৮৬।	ভবানীগঞ্জ শাখা
৩৯।	সিরাজগঞ্জ	৮৭।	ধানগড়া শাখা
		৮৮।	ভারান শাখা
		৮৯।	খাসকাউলিয়া শাখা
৪০।	দিনাজপুর	৯০।	বিরল শাখা
		৯১।	কাহারুল শাখা
৪১।	কুড়িগ্রাম	৯২।	ফুলবাড়ী শাখা
		৯৩।	রৌমারী শাখা
৪২।	লালমনিরহাট	৯৪।	লালমনিরহাট শাখা
		৯৫।	কালীগঞ্জ শাখা
		৯৬।	আদিতমারী শাখা
৪৩।	পঞ্চগড়	৯৭।	তেতুলিয়া শাখা
৪৪।	রংপুর	৯৮।	বদরগঞ্জ শাখা
		৯৯।	গংগাচড়া শাখা
৪৫।	ঠাকুরগাঁও	১০০।	রানীশংকৈল শাখা

বিঃদ্রঃ- উল্লেখ্য যে, ক্রমিক নং-৭৪ এ দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় নতুন শাখা ব্যাবস্থিত কার্যক্রম শুরু পূর্ব পর্যন্ত সুনামগঞ্জ শাখার মধ্যমে উক্ত উপজেলায় রক প্রকল্প-২ এর কাজ সম্পাদন করতে হবে।

৫৪ A/2

রক্ষ প্রকল্পের আওতায় পুরাতন ৪৮টি শাখার তালিকা :

ক্রমিক নং	জেলা	ক্রমিক নং	শাখার নাম
০১।	চুয়াডাঙ্গা	০১।	দামুরছদা শাখা
০২।	ভোলা	০২।	মনপুরা শাখা
০৩।	বান্দরবান	০৩।	লামা শাখা
		০৪।	রোয়াংছড়ি শাখা
০৪।	চাঁদপুর	০৫।	হাইমচর শাখা
০৫।	কুমিল্লা	০৬।	নালকোট শাখা
০৬।	কক্সবাজার	০৭।	মহেশখালী শাখা
		০৮।	টেকনাফ শাখা
		০৯।	উবিয়া শাখা
০৭।	ফরিদপুর	১০।	বোয়ালমারী শাখা
		১১।	নগরকান্দা শাখা
০৮।	কিশোরগঞ্জ	১২।	ইটনা শাখা
০৯।	ময়মনসিংহ	১৩।	ধোবাউরা শাখা
		১৪।	ঈশ্বরগঞ্জ শাখা
১০।	নরসিংদী	১৫।	নরসিংদী শাখা
১১।	নেত্রকোনা	১৬।	খালিয়াজুড়ী শাখা
১২।	শেরপুর	১৭।	নকলা শাখা
		১৮।	শ্রীবর্দী শাখা
১৩।	টাঙ্গাইল	১৯।	গোপালপুর শাখা
		২০।	কাগিহাটী শাখা
১৪।	মানিকগঞ্জ	২১।	শিবালয় শাখা
১৫।	জামালপুর	২২।	বকশীগঞ্জ শাখা
		২৩।	মাদারগঞ্জ শাখা
		২৪।	সরিষাবাড়ী শাখা
১৬।	শরীয়তপুর	২৫।	জাজিরা শাখা
১৭।	হবিগঞ্জ	২৬।	বানিয়াচং শাখা
		২৭।	লাখাই শাখা
		২৮।	নবীগঞ্জ শাখা
১৮।	মৌলভীবাজার	২৯।	কমলগঞ্জ শাখা
১৯।	নাটোর	৩০।	বড়াইঘাম শাখা
২০।	পাবনা	৩১।	সুজানগর শাখা
২১।	রাজশাহী	৩২।	বাঘা শাখা
২২।	সিরাজগঞ্জ	৩৩।	উল্লাপাড়া শাখা
		৩৪।	শাহজাদপুর শাখা
২৩।	নওগাঁ	৩৫।	আত্রাই শাখা
২৪।	দিনাজপুর	৩৬।	ঘোড়াঘাট শাখা
		৩৭।	পার্বতীপুর শাখা
২৫।	কুষ্টিয়া	৩৮।	নাগেশ্বরী শাখা
		৩৯।	কুষ্টিয়া শাখা
২৬।	লালমনিরহাট	৪০।	পাটগ্রাম শাখা
২৭।	রংপুর	৪১।	তারাগঞ্জ শাখা
২৮।	ঠাকুরগাঁ	৪২।	ঠাকুরগাঁ শাখা
২৯।	গাইবান্ধা	৪৩।	ফুলছড়ি শাখা
		৪৪।	গোবিন্দগঞ্জ শাখা
		৪৫।	সুন্দরগঞ্জ শাখা
		৪৬।	সাঘাটা শাখা
৩০।	নীলফামারী	৪৭।	সৈয়দপুর শাখা
		৪৮।	জলঢাকা শাখা

৫/২

বিষয়ঃ ২০.....সালেরকিডির অর্থ বিবরণী সীট।

ক্রমিক নং	স্কুল আইডি	আনন্দ ফুণের নাম	মোট বরাদ্দ				মোট বিতরণ				মোট অবশিষ্টরণ				সোনালী ব্যাংক বৈদেশিক বানিজ্য কর্পোরেশনে শাখায় সেবাকৃত অর্থ		
			ছাত্র/ছাত্রী	অনুদান (টাকা)	ভাতা (টাকা)	মোট (টাকা)	ছাত্র/ছাত্রী	অনুদান (টাকা)	ভাতা (টাকা)	মোট (টাকা)	ছাত্র/ছাত্রী	অনুদান (টাকা)	ভাতা (টাকা)	মোট (টাকা)			
১	২	৩	৪	৫	৬	(৫+৬)=৭	৭	৮	৯	১০	(৯+১০)=১১	১১	১২	১৩	(১১+১২)=২৩	১৬	
২																	
৩																	
৪																	
৫																	
৬																	
৭																	
৮																	
৯																	
১০																	
১১																	
১২																	
১৩																	
১৪																	
১৫																	
মোট																	

মোট: অবশিষ্টকৃত অর্থ সেরবৎ এই ছক পূর্ণ করে ব্যাংক টেলিগ্রেফের মাধ্যমে প্রেরণ করতে হবে।

ব্যাংক ব্যবস্থাপক (স্বাক্ষর)

নামঃ

ফোন/মোবাইলঃ

ট্রেনিং কো-অর্ডিনেটর (স্বাক্ষর)

নামঃ

ফোন/মোবাইলঃ